

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

...

| | |
|------------|---|
| সভাপতি | নাছিমা বেগম এনডিসি |
| সচিব | |
| সভার তারিখ | ২৭/১১/২০১৮ |
| সভার সময় | দুপুর ১২.৩০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩)। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |


সভাপতি মহান বিজয় দিবস, ২০১৮ উদযাপন বিষয়ে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য অনুরোধ করেন। সভার শুরুতে যুগ্ম-সচিব (প্রশাসন) সভাকে জানান, মহান বিজয় দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ১৪/৮/২০১৮ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। প্রয়োজনীয় প্রস্তুতির জন্য উক্ত সভার কার্যবিবরণী ১৩/১১/২০১৮ তারিখে দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে মহান বিজয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে স্টিয়ারিং কমিটির একসভা ১৫/১১/২০১৮ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) সভায় উপস্থিত ছিলেন। সভার কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি। সভায় উল্লেখ্য করা হয়, এ বছর জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে না, তবে অন্যান্য সকল কর্মসূচী সারাদেশে যথাযথভাবে পালন হবে।

০২। সভাপতি বলেন, মুক্তিযুদ্ধে মহিলাদের অবদান রয়েছে। আলোচনা অনুষ্ঠানে নারী মুক্তিযোদ্ধারা তাদের অনুভূতি প্রকাশ করতে পারেন। নারী-পুরুষ সমতা বিধানে সরকার কর্তৃক গৃহীত কার্যক্রম বিষয়ে আলোচনা হতে পারে। শিশু একাডেমির পরিচালক বলেন, ১৯৭১ এ মুক্তিযুদ্ধে মহিলাদের অংশগ্রহণের উপর বাংলাদেশ টেলিভিশনে টক-শো হতে পারে। সভাপতি, ডে-কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্রে উন্নত খাবার সরবরাহে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত অর্থ বিগত বছরের ন্যায় আনুপাতিক হারে বরাদ্দের নির্দেশনা প্রদান করেন। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জানান, মহিলা বিষয়ক অধিদপ্তর অন্যান্য বছরের ন্যায় মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠান এবং অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও তাদের সন্তানদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার কর্মসূচি গ্রহণ করেছে।

০৩। সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত কর্মসূচিসমূহ যথাযথভাবে পালনে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | তারিখ/সময় | অনুমোদিত কর্মসূচি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|--------|------------|--|--|----------------------|
| ৩। | ১৬-১২-১৮ | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন। | কর্মসূচি পালনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মবিঅ, জামস এবং বাশিএ |

- ৯) সহকারী সচিব (সকল)/সহকারী প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।



মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব